কনফিডেন্স সিমেন্ট
01755550035-36

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

রয়েল সিমেন্ট

# প্রিমিয়ার ভার্সিটিতে বিতর্ক প্রতিযোগিতার সমাপনীতে উপাচার্য

# বিতর্ক কেবল একটি প্রতিযোগিতা নয়, নেতৃত্ব বিকাশের অন্যতম কার্যকর মাধ্যম

প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস) আয়োজিত পিইউডিএস আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান গতকাল সোমবার জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ১০টি বিভাগ থেকে মোট ২৪টি দল এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। বিভিন্ন পর্ব শেষে আইন বিভাগ ও ইংরেজি বিভাগ ফাইনালে উন্নীত হয়। ফাইনালে ইংরেজি বিভাগ বিজয়ী এবং আইন বিভাগ রানার আপ হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের ডিরেক্টর সাদাত জামান খান, প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী ও আইন বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাস। সভাপতিত্ব করেন পিইউডিএসের চিফ মডারেটর জুলিয়া




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করছেন উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির*

পারভীন।প্রধান অতিথি বলেন, বিতর্কের মাধ্যমে জ্ঞান অর্জন করা হয়, যুক্তিবোধ সৃষ্টি করা হয় ও সত্য উন্মোচন করা হয়। তিনি উল্লেখ করেন, বিতর্ক কেবল একটি প্রতিযোগিতা নয়; এটি যুক্তি, বিশ্লেষণ, সহনশীলতা এবং নেতৃত্ব বিকাশের অন্যতম কার্যকর মাধ্যম। একজন শিক্ষার্থীর বুদ্ধিবৃত্তিক বিকাশে বিতর্কের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমান বিশ্বে তথ্যের প্রাচুর্যের পাশাপাশি সমালোচনামূলক চিন্তা ও যুক্তিনির্ভর সিদ্ধান্ত গ্রহণের দক্ষতা অপরিহার্য হয়ে উঠেছে। বিতর্ক চর্চার মাধ্যমে শিক্ষার্থীরা ভিন্নমতকে সম্মান করতে শেখে, নিজেদের মতামত সুসংগঠিতভাবে উপস্থাপন করতে পারে এবং দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে ওঠে। পিইউডিএস এমন আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের বুদ্ধিবৃত্তিক ও নৈতিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

বিশেষ অতিথি মোহাম্মদ ইফতেখার মনির বলেন, বিতর্ক শিক্ষার্থীদের আত্মবিশ্বাস বৃদ্ধি করে এবং যৌক্তিক চিন্তার বিকাশ ঘটায়। শ্রেণিকক্ষের পাঠের পাশাপাশি এ ধরনের সহশিক্ষা কার্যক্রম শিক্ষার্থীদের বাস্তব জীবনের চ্যালেঞ্জ মোকাবিলায় সক্ষম করে তোলে। সাদাত জামান খান বলেন, ভাষা ও যুক্তির সমন্বয়েই একটি সুন্দর বিতর্ক গড়ে ওঠে। বিতার্কিকরা কেবল বক্তব্য উপস্থাপন করে না, বরং সমাজ ও রাষ্ট্রের গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে চিন্তার নতুন দিগন্ত উন্মোচন করে। অনুপ কুমার বিশ্বাস বলেন, আইন ও বিতর্ক উভয়ের ভিত্তিই হলো যুক্তি ও বিশ্লেষণ। বিতর্ক শিক্ষার্থীদের ন্যায়বোধ, যুক্তিশীলতা এবং নেতৃত্বের গুণাবলি বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সভাপতির বক্তব্যে জুলিয়া পারভীন বলেন, পিইউডিএস শিক্ষার্থীদের মধ্যে যুক্তিবাদী, মানবিক ও প্রগতিশীল চিন্তার বিকাশে নিরলস কাজ করে যাচ্ছে। আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতা শিক্ষার্থীদের প্রতিভা বিকাশের একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম। ভবিষ্যতেও আরও বৃহৎ পরিসরে এ ধরনের আয়োজন অব্যাহত থাকবে বলে আমরা আশাবাদী। উপস্থিত ছিলেন সঞ্জয় বিশ্বাস, সাইফুদ্দিন মুন্না, ফারিয়া হোসেন বর্ষা, পিইউডিএস-এর প্রভাষক মু. মেহেদী রহমান, ফজল আল মাহমুদ অয়ন এবং সিফাত নূর চৌধুরী।শেষে বিজয়ী ও রানারআপ দলের হাতে ট্রফি, ক্রেস্ট এবং সনদপত্র তুলে দেওয়া হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 16 June 2026, Page: 3, Col: 4
https://edainikazadi.net/index.php?page=1&date=2026-06-16

চট্টগ্রাম মঙ্গলবার ১৬ জুন ২০২৬

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৪১তম বর্ষ ১১২তম সংখ্যা । । ২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ । । ২৯ জিলহজ্ব ১৪৪৭ হিজরি । । Tuesday 16 June 2026 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

*পুরস্কার বিতরণীতে উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির*

# বিতর্ক কেবল প্রতিযোগিতা নয়, নেতৃত্ব বিকাশের অন্যতম কার্যকর মাধ্যম

প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস) আয়োজিত পিইউডিএস আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতা-২০২৬ সফলভাবে সম্পন্ন হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ১০টি বিভাগ থেকে মোট ২৪টি দল এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। ফাইনালে ইংরেজি বিভাগ বিজয়ী এবং আইন বিভাগ রানারআপ হওয়ার গৌরব অর্জন করে।

এ উপলক্ষে গতকাল প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। পিইউডিএস'র চিফ মডারেটর জুলিয়া পারভীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির।

তিনি উল্লেখ করেন, বিতর্ক কেবল একটি প্রতিযোগিতা নয়; এটি যুক্তি, বিশ্লেষণ, সহনশীলতা এবং নেতৃত্ব বিকাশের অন্যতম কার্যকর মাধ্যম। তিনি বিতর্কের গুরুত্ব ও উপকারিতা তুলে ধরে বলেন, বিতর্কের মাধ্যমে জ্ঞান অর্জন করা হয়, যুক্তিবোধ সৃষ্টি করা হয় ও সত্য উন্মোচন করা হয়।

বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, ইন্টারন্যাশনাল এফেয়ার্স অফিসের ডিরেক্টর সাদাত জামান খান, প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী ও আইন বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাস।

উপস্থিত ছিলেন পিইউডিএস-এর মডারেটর সঞ্জয় বিশ্বাস, সাইফুদ্দিন মুন্না, ফারিয়া হোসেন বর্ষা, প্রভাষক মু. মেহেদী রহমান, ফজল আল মাহমুদ অয়ন এবং সিফাত নূর চৌধুরী। অনুষ্ঠানের শেষে বিজয়ী ও রানারআপ দলের হাতে ট্রফি, ক্রেস্ট এবং সনদপত্র তুলে দেওয়া হয়।-বিজ্ঞপ্তি




*পুরস্কার বিতরণ করছেন উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির ও অন্যরা*

Ref: Daily Purbokone, Date: 16 June 2026, Page: 3, Col: 4

https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2026-06-16

মঙ্গলবার
চট্টগ্রাম
১৬ জুন ২০২৬
২ আষাঢ় ১৪৩৩
২৯ জিলহজ্জ ১৪৪৭
বর্ষ-১৪, সংখ্যা-১৭০

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা

টানা ৪বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির ও অন্যরা

# ‘শিক্ষার্থীর বুদ্ধিবৃত্তিক বিকাশে বিতর্কের ভূমিকা গুরুত্বপূর্ণ’

প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস) আয়োজিত পিইউডিএস আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতা-২০২৬ সম্পন্ন হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ১০টি বিভাগ থেকে মোট ২৪টি দল এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ বিভিন্ন পর্ব শেষে আইন বিভাগ ও ইংরেজি বিভাগ ফাইনালে উন্নীত হয়। ফাইনালে ইংরেজি বিভাগ বিজয়ী এবং আইন বিভাগ রানারআপ হওয়ার গৌরব অর্জন করে। এ উপলক্ষে ১৫ জুন বিকেল ৩টায় জিইসি মোড়স্থ ক্যাম্পাসে সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের ডিরেক্টর সাদাত জামান খান, প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী ও আইন বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পিইউডিএস এর চিফ মডারেটর জুলিয়া পারভীন। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির বিতর্কের গুরুত্ব ও উপকারিতা তুলে ধরে বলেন, বিতর্কের মাধ্যমে জ্ঞান অর্জন করা হয়, যুক্তিবোধ সৃষ্টি করা হয় ও সত্য উন্মোচন করা হয়। বিতর্ক কেবল একটি প্রতিযোগিতা নয়; এটি যুক্তি, বিশ্লেষণ, সহনশীলতা এবং নেতৃত্ব বিকাশের অন্যতম কার্যকর মাধ্যম। একজন শিক্ষার্থীর বুদ্ধিবৃত্তিক বিকাশে বিতর্কের ভূমিকা গুরুত্বপূর্ণ। বিশেষ অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, বিতর্ক শিক্ষার্থীদের আত্মবিশ্বাস বৃদ্ধি করে এবং যৌক্তিক চিন্তার বিকাশ ঘটায়। ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের ডিরেক্টর সাদাত জামান খান বলেন, ভাষা ও যুক্তির সমন্বয়েই একটি সুন্দর বিতর্ক গড়ে ওঠে। বিতার্কিকরা কেবল বক্তব্য উপস্থাপন করে না, বরং সমাজ ও রাষ্ট্রের গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে চিন্তার নতুন দিগন্ত উন্মোচন করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিইউডিএস এর মডারেটর সঞ্জয় বিশ্বাস, সাইফুদ্দিন মুন্না, ফারিয়া হোসেন বর্ষা, পিইউডিএস এর সাবেক সাধারণ সম্পাদক প্রভাষক মু. মেহেদী রহমান, পিইউডিএস এডহক কমিটির সভাপতি ফজল আল মাহমুদ অয়ন এবং সাধারণ সম্পাদক সিফাত নূর চৌধুরী। অনুষ্ঠানের শেষে বিজয়ী ও রানারআপ দলের হাতে ট্রফি, ক্রেস্ট এবং সনদপত্র তুলে দেওয়া হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 16 June 2026, Page: 2, Col: 6
https://epurbodesh.com/index.php?page=1&date=2026-06-16

চট্টগ্রাম • মঙ্গলবার • ১৬ জুন ২০২৬ • ২ আষাঢ় ১৪৩৩ • ২৯ জিলহজ্জ ১৪৪৭ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২২ সংখ্যা ২৮২

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ ইসলামী ব্যাংকের বোর্ড ভেঙে দেওয়ার সিদ্ধান্তকে স্বাগত জানাল এবিবি

৪ শিক্ষার্থীর বুদ্ধিবৃত্তিক বিকাশে বিতর্ক গুরুত্বপূর্ণ : উপাচার্য

৬ কাউন্টি'র অভিষেকেই হাসানের ঝলক



শুরু হল বর্ষাকাল

**জলাবদ্ধতার স্থায়ী সমাধান হবে কি**

আষাঢ়ের অবিরাম বর্ষণে প্রকৃতিতে সতেজতার বার্তা দিয়ে আবারও শুরু হলো চিরচেনা বর্ষাকাল।

বিস্তারিত ► পৃষ্ঠা : ২

# শিক্ষার্থীর বুদ্ধিবৃত্তিক বিকাশে বিতর্ক গুরুত্বপূর্ণ : উপাচার্য

প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস) আয়োজিত পিইউডিএস আন্ত.বিভাগ বিতর্ক প্রতিযোগিতা-২০২৬ সফলভাবে সম্পন্ন হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ১০টি বিভাগ থেকে মোট ২৪টি দল এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। তুমুল প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ বিভিন্ন পর্ব শেষে আইন বিভাগ ও ইংরেজি বিভাগ ফাইনালে উন্নীত হয়। ফাইনালে ইংরেজি বিভাগ বিজয়ী এবং আইন বিভাগ রানারআপ হওয়ার গৌরব অর্জন করে।

এ উপলক্ষে ১৫ জুন বিকেল ৩টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব মোহাম্মদ ইফতেখার মনির, ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের ডিরেক্টর সাদাত জামান খান, প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী ও আইন বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাস।

**পিইউডিএস আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ**

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভীন।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির বিতর্কের গুরুত্ব ও উপকারিতা তুলে ধরে বলেন, বিতর্কের মাধ্যমে জ্ঞান অর্জন করা হয়, যুক্তিবোধ সৃষ্টি করা হয় ও সত্য উন্মোচন করা হয়। তিনি উল্লেখ করেন, বিতর্ক কেবল একটি প্রতিযোগিতা নয়; এটি যুক্তি, বিশ্লেষণ, সহনশীলতা এবং নেতৃত্ব বিকাশের অন্যতম কার্যকর মাধ্যম। একজন শিক্ষার্থীর বুদ্ধিবৃত্তিক বিকাশে বিতর্কের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমান বিশ্বে তথ্যের প্রাচুর্যের পাশাপাশি সমালোচনামূলক চিন্তা ও যুক্তিনির্ভর সিদ্ধান্ত গ্রহণের দক্ষতা অপরিহার্য হয়ে উঠেছে। বিতর্ক চর্চার মাধ্যমে শিক্ষার্থীরা ভিন্নমতকে সম্মান করতে শেখে, নিজেদের মতামত সুসংগঠিতভাবে উপস্থাপন করতে পারে এবং দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে ওঠে। প্রিমিয়ার ইউনিভার্সিটি সবসময় শিক্ষার্থীদের সহশিক্ষা কার্যক্রমে সম্পৃক্ততার মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরিতে প্রতিশ্রুতিবদ্ধ।

বিশেষ অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, বিতর্ক শিক্ষার্থীদের আত্মবিশ্বাস বৃদ্ধি করে এবং যৌক্তিক চিন্তার বিকাশ ঘটায়। শ্রেণিকক্ষের পাঠের পাশাপাশি এ ধরনের সহ-শিক্ষা কার্যক্রম শিক্ষার্থীদের বাস্তব জীবনের চ্যালেঞ্জ মোকাবিলায় সক্ষম করে তোলে। বিশ্ববিদ্যালয় প্রশাসন সবসময় গঠনমূলক উদ্যোগকে উৎসাহিত করবে।

ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের ডিরেক্টর সাদাত জামান খান বলেন, ভাষা ও যুক্তির সমন্বয়েই একটি সুন্দর বিতর্ক গড়ে ওঠে।

বিতার্কিকরা কেবল বক্তব্য উপস্থাপন করে না, বরং সমাজ ও রাষ্ট্রের গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে চিন্তার নতুন দিগন্ত উন্মোচন করে।

আইন বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাস বলেন, আইন ও বিতর্ক উভয়ের ভিত্তিই হলো যুক্তি ও বিশ্লেষণ। বিতর্ক শিক্ষার্থীদের ন্যায়বোধ, যুক্তিশীলতা এবং নেতৃত্বের গুণাবলি বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সভাপতির বক্তব্যে পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভীন বলেন, পিইউডিএস শিক্ষার্থীদের মধ্যে যুক্তিবাদী, মানবিক ও প্রগতিশীল চিন্তার বিকাশে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আন্ত.বিভাগ বিতর্ক প্রতিযোগিতা শিক্ষার্থীদের প্রতিভা বিকাশের একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন পিইউডিএস-এর মডারেটর সঞ্জয় বিশ্বাস, সাইফুদ্দিন মুন্না, ফারিয়া হোসেন বর্ষা, পিইউডিএস-এর সাবেক সাধারণ সম্পাদক প্রভাষক মু. মেহেদী রহমান, পিইউডিএস এডহক কমিটির সভাপতি ফজল আল মাহমুদ অয়ন এবং সাধারণ সম্পাদক সিফাত নুর চৌধুরী।

অনুষ্ঠানের শেষে বিজয়ী ও রানারআপ দলের হাতে ট্রফি, ক্রেস্ট এবং সনদ তুলে দেওয়া হয়। বিজ্ঞপ্তি



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে পিইউডিএস আন্ত.বিভাগ বিতর্ক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির ও অন্যরা

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 16 June 2026, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2026-06-16